# রহনপুর পৌরসভা কার্যালয়

চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- রহঃ/পৌর ঃ ১১২ তারিখঃ ২৭।০৩।২০২৫

## প্রকাশ্যে আম গাছ (শুধুমাত্র আম ফল) নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পৌরসভাধীন রাস্তার ধারে অবস্থিত বিভিন্ন জাতের নিম্নবর্ণিত ৫টি গ্রুপের মোট- ৮৪৪ টি আম গাছ (শুধুমাত্র আম ফল) বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত (৩ বছর তিন মৌসুম আমফল)- এর জন্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/ব্যক্তিবর্গকে আগামী ১০/০৪/২০২৫খ্রি. রোজ- বৃহস্পতিবার, বেলা-১১.০০ঘটিকায় পৌর চত্বরে উপস্থিত থেকে উন্মুক্ত নিলাম ডাকে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হলো।

তফশীলঃ

| ক্রঃ নং | বিবরণ | গাছের সংখ্যা |
|---|---|---|
| ১ | প্রসাদপুর কাঠাল মোড় হতে পূর্বদিকে ডাইংপাড়া এজাবুলের বাড়ী পর্যন্ত রাস্তার আম গাছ সমূহ। | ১৭৪ |
| ২ | ডাইংপাড়া বাবলুর ডিপ হতে হিরুপাড়া রাস্তার ধারে অবস্থিত একরামুল মাস্টারের বাড়ী আম গাছ সমূহ। | ৯৬ |
| ৩ | জালিবাগান ভিক্ষুর বাড়ী হতে পিড়াশন রাস্তা হয়ে লাকড়াকুড়ি পর্যন্ত আম গাছ সমূহ। | ৩০৩ |
| ৪ | খয়রাবাদ সাওতালপাড়া রবুর বাড়ী হতে তাজাম্মুল এর ডিপ হতে পশ্চিম দিকে নওসাদ আলী জমি পর্যন্ত রাস্তার আম গাছ সমূহ। | ১৪৭ |
| ৫ | দিঘিপাড়া রহমানের বাড়ী হতে বুদ্ধ্যার বিল পর্যন্ত এবং উদয়নগর জাহিরের বাড়ী হতে আজমের বাড়ী পর্যন্ত রাস্তার ধারের আম গাছ সমূহ। | ১২৪ |

শর্তাবলী ঃ

১। বিভিন্ন জাতের আমগাছগুলো সরেজমিনে পরিদর্শন করে ইজারায় অংশ গ্রহণ করতে হবে। পরে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

২। সর্বোচ্চ দরদাতাকে অবহিত করার ০৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ প্রদত্ত জামানত বাজেয়াপ্ত হয়ে হবে। উক্ত বাজেয়াপ্ত অর্থ পৌরসভার রাজস্ব আয় হিসেবে গণ্য হবে।

৩। ইজারা গ্রহীতাকে ইজারা প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে সরকারী বিধি মোতাবেক ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১০% অর্থ আয়কর এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর প্রদান করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টাকা ডাকের পূর্বেই অংশগ্রহনকারীকে পরিশোধ করতে হবে।

৪। ইজারা গ্রহীতাকে গাছ পাহারা দেওয়ার জন্য নিজ খরচে পাহারাদার রাখতে হবে। উক্ত আমগাছ গুলির কোন প্রকার ডাল পালা কাটা বা অন্য কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। অন্যথায় সরকারী বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। ইজারা গ্রহীতাকে নিজ খরচে গাছ পরিচর্যার ব্যবস্থা গ্রহন করতে হবে।

৬। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক স্থগিত করতে পারেন।

৭। গাছের সংখ্যা কম-বেশী হতে পারে, ইহাতে কোন ওজর আপত্তি চলবেনা। সরেজমিন পরিদর্শন করে ডাকে অংশ গ্রহণ করতে হবে।

৮। নিলাম ডাকের পূর্বেই ডাককারীকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ এক কপি ছবি জমা প্রদান করতে হবে।

৯। ডাককারীকে প্রতিটি গ্রুপের বিপরীতে ডাকে অংশ গ্রহনের পূর্বেই জামানত হিসেবে নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা দিয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে।

১০। সর্বোচ্চ ডাককারী ডাক গ্রহনে অস্বীকৃতি জানালে তার জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। বাজেয়াপ্ত টাকা পৌর রাজস্ব তহবিলে জমা হবে।

১১। নিলাম ডাক সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত পৌর কর্তৃপক্ষ গ্রহণ করতে পারবেন।

২৭।০৩।২৫

(নিশাত আনজুম অনন্যা)
উপজেলা নির্বাহী অফিসার
গোমস্তাপুর,চাঁপাইনবাবগঞ্জ
ও
প্রশাসক
রহনপুর পৌরসভা

স্মারক নং-রহঃ/ পৌরঃ ১৯২(৩০) তাং- ২৭/০৬/২০২৫

সদয় অবগতি ও বহুল প্রচারসহ সার্বিক সহযোগিতার জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
২. সহকারী কমিশনার (ভূমি), গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৩. পৌর কর্মসম্পাদন কমিটির সদস্য (সকল) .................................. নং ওয়ার্ড, রহনপুর পৌরসভা।
৪. উপজেলা ................................................ কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৫. আহবায়ক/সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
৬. সহকারী প্রকৌশলী , বিএমডিএ গোমস্তাপুর জোন, চাঁপাইনবাবগঞ্জ।
৭. সভাপতি, রহনপুর শিল্প ও বণিক সমিতি, রহনপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৮. সভাপতি, উপজেলা আমচাষী সমবায় কমিতি, রহনপুর, চাঁপাইনবাবগঞ্জ।
৯. ইজারাদার ...................................................... হাট।
১০. জনাব/জনাবা ......................................................
......................................................
১১. উক্ত বিজ্ঞপ্তিটি একদিন মাইকিং করণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান সহকারী, রহনপুর পৌরসভা কে বলা হলো।

অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ

১২. পৌর নির্বাহী কর্মকর্তা, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৩. সহকারী প্রকৌশলী(সিভিল), রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ ।
১৫. উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৬. প্রধান সহকারী, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৭. জনাব, ..................................................
..................................................
১৮. নোটিশ বোর্ড, রহনপুর পৌরসভা।
১৯. অফিস নথি।

(signature) ২৭/০৬/২৫

(নিশাত আনজুম অনন্যা)
উপজেলা নির্বাহী অফিসার
গোমস্তাপুর,চাঁপাইনবাবগঞ্জ
ও
প্রশাসক
রহনপুর পৌরসভা
চাঁপাইনবাবগঞ্জ।